# বাংলাদেশ কৃষি ব্যাংক
## ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
(মানিলন্ডারিং প্রতিরোধ সেল)
প্রধান কার্যালয়, কৃষিব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

মুজিব শতবর্ষ MUJIB 100
মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

ফোন ঃ ৪৭১২০৫১৩
dgmrmd@krishibank.org.bd


নং-প্রকা/আরএমডি-৩০/২০২০-২০২১/৪৭৯

তারিখ ঃ ২৫-০৮-২০২১

১। উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে )
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ Walk in customer/ Non face to face customer এর KYC সংগ্রহ প্রসঙ্গে।

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক এর সার্কুলার নং-২৬ তারিখঃ ১৬ জুন ২০২০ এর অনুচ্ছেদ নং-৩.৫ এ উল্লেখ আছে Walk in customer/ Non face to face customer কর্তৃক অনুর্ধ্ব ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা লেনদেনের ক্ষেত্রে প্রেরণকারী বা আবেদনকারী ও প্রাপক বা বেনিফিসিয়ারীর নাম, ঠিকানা এবং প্রেরণকারী বা আবেদনকারীর টেলিফোন নম্বর সংগ্রহ করতে হবে।
এছাড়া ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এর অধিক বা ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা এর নীচে হলে উপরোল্লিখিত তথ্যাদির পাশাপাশি প্রেরণকারী বা আবেদনকারী বা জমাকারী বা উত্তোলনকারীর ছবিযুক্ত আইডি এর কপি সত্যায়নসহ সংগ্রহ করতে হবে।

০২। শাখায় হিসাবধারী ব্যতীত অপর কাউকে Walk in customer/ Non face to face customer এর সাথে ব্যাংকিং লেনদেন এর ক্ষেত্রে (যেমন-ডিডি, টিটি,এমটি, পে-অর্ডার বা অনলাইন লেনদেন ইত্যাদি) গ্রাহকের তথ্য সংগ্রহের জন্য প্রয়োজনীয় KYC ( Know your customer) সংগ্রহ আবশ্যক। এ ক্ষেত্রে অত্র ব্যাংকে NID কার্ড সংগ্রহ ব্যতীত অন্য কোন তথ্য গ্রহণ করা হয় না। অনেক ক্ষেত্রে কিছু শাখা NID কার্ডও সংরক্ষণ করে না।

০৩। এমতাবস্থায়, সকল শাখা সমূহকে নিজ উদ্যোগে মানিলন্ডারিং ঝুঁকি হ্রাসকল্পে Walk in customer/ Non face to face customer এর জন্য প্রেরণকারী বা আবেদনকারীর নাম, ঠিকানা, NID নম্বর, টেলিফোন নম্বর, হিসাবধারীর সাথে সম্পর্ক, পেশা প্রভৃতি উল্লেখ করে সীলমোহর তৈরী করার পরামর্শ প্রদান করা হলো।

০৪। এক্ষেত্রে অত্র বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত একটি সীলমোহরের নমুনা কপি পত্রসাথ সংযুক্ত করা হলো (কপি সংযুক্ত)।

০৫। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে,

২৫/৮/২০২১

(মোঃ আকতার হোসেন)
উপ-মহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ/প্রশাসন মহাবিভাগ/ এলপিও ।
০৪। মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় কার্যালয়।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকাকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ।
০৮। নথি/মহানথি।

## ভাসমান গ্রাহক এর জন্য সীলমোহরের নমুনা কপি

| | |
|---|---|
| নাম: | |
| জন্ম তারিখ: | জাতীয়তা: |
| পিতার নাম | মাতার নাম |
| ভোটার আইডি কার্ড নম্বর: | হিসাবধারীর সাথে সম্পর্ক: |
| ঠিকানা: | |
| মোবাইল নম্বর: | পেশা |
| লেনদেনের উদ্দেশ্য: | |
| তারিখ: | সাক্ষর: |

## Format for Walk in customer/ Non face to face customer stamp

| | |
|---|---|
| NAME: | |
| DATE OF BIRTH: | NATIONALITY: |
| FATHER'S NAME: | MOTHER'S NAME: |
| NID NO: | RELATION TO A/C HOLDER: |
| ADDRESS: | |
| MOBILE NO: | OCCUPATION: |
| PURPOSE OF TRANSACTION: | |
| DATE: | SIGNATURE: |